

কৃষি ভার্শিটি ॥ বিটিভির কোন খবরটি ঠিক বিভ্রান্তি ছড়াচ্ছে কে?

বাবুল হোসেন, ময়মনসিংহ থেকে ॥ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন সম্পর্কে বিটিভি খবর প্রচারের ক্ষেত্রে আবারও নতুন করে রীতিমতো চমক দেখিয়েছে। বিটিভির এই ধরনের খবর পরিবেশনে ময়মনসিংহবাসীসহ কৃষি বিশ্ব বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও শিক্ষক-কর্মচারী ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন।
(২ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

মন্ত্রিসভা বৈঠকে কৃষি ভার্শিটির নাম পরিবর্তনের সিদ্ধান্ত হয়নি-

সোমবার অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তনের কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য মঙ্গলবার রাতে সরকারী সূত্র এ কথা জানায়। খবর বাসসর। সূত্র জানায়, এ ব্যাপারে বিভ্রান্তি সৃষ্টির কোন অবকাশ নেই। সূত্র এই মর্মে সতর্কবাণী উচ্চারণ করেছে যে, কোন স্বার্থান্বেষী মহল জনগণকে বিভ্রান্ত করে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি সৃষ্টির চেষ্টা করলে সরকার দেশের আইন অনুযায়ী তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে বাধ্য হবে।

কৃষি ভার্শিটি ॥ বিটিভির

(প্রথম পাতার পর)

বিটিভির সোমবার রাত ৮টা ও ১০টার খবরে বলা হয়েছে, "মন্ত্রিপরিষদ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন করে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় করার সিদ্ধান্ত নিয়েছে।" এই খবর শোনার পরই রাতে ক্যাম্পাসে বিক্ষুব্ধ ছাত্র-জনতা ভাংচুর, রেললাইন উৎপাটনসহ গোলযোগ শুরু করে। মঙ্গলবার বিভিন্ন পত্রিকায় ওই খবরটি প্রচারিতও হয়। এ নিয়ে মঙ্গলবারও বিক্ষুব্ধ ছাত্র-জনতা দিনভর ক্যাম্পাসে ভাংচুর, অগ্নিসংযোগ, বিক্ষোভ সমাবেশ, ভিসির বাসভবন অর্ধরোধ ও রেল লাইন উৎপাটনসহ লঙ্কাকাণ্ড ঘটায়। পুলিশের কাঁদানে গ্যাস ও গুলিতে শিক্ষক কর্মচারী ও ছাত্রছাত্রীসহ আহত হয় শতাধিক। ক্ষয়ক্ষতির পরিমাণ এক কোটি টাকার ওপরে। অথচ বিটিভি মঙ্গলবার রাত ৮টার খবরে নতুন করে প্রচার করেছে "মন্ত্রিপরিষদ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তনের কোন সিদ্ধান্ত নেয়নি, একটি কুচক্রী মহল বিভ্রান্তি ছড়িয়ে উদ্ভূত পরিস্থিতি সৃষ্টি করেছে"। এখন প্রশ্ন উঠেছে, আসলে এই বিভ্রান্তি কে ছড়াচ্ছে? কুচক্রী মহলটিই বা কে?